কাজিপুর উপজেলা পরিষদের ৪০ তম সভার কার্য বিবরণী

তারিখ : ১২/০৫/২০২২
সময় : ১০.০০ টা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভাপতি : জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ।

জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর এর সভাপতিত্বে ৫ম নির্বাচিত উপজেলা পরিষদের ৪০তম সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়করণ করা হয়। অতঃপর নিম্নে বর্ণিত বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

ক্রঃনং	আলোচনা	কমিটির সুপারিশ	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, প্রাকৃতিক দুর্যোগের কারণে বোরো ধানের ক্ষতির report উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পাঠানো হয়েছে। পরবর্তীতে ইউ,পি চেয়ারম্যানদের মাধ্যমে তালিকা তৈরী পূর্বক ক্ষতিগ্রস্থ কৃষকদেরকে পুর্নবাসিত করা হবে। ধান কাটার মেশিন (৫০% ভর্তুকিতে) দিয়ে দ্রুত ধান কাটার ব্যবস্থা করতে সবার সহযোগিতা কামনা করছি। এছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে।	-	চলমান কার্যক্রম স্বাভাবিক রাখতে আন্তরিকভাবে কাজ করবেন্	কৃষি অফিসার
০২	উপজেলা স্বাস্থ্য বিভাগঃ স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান করোনার টিকা প্রদান করা হয়েছে ১০,৪৭৫ জনকে। দ্বিতীয় ডোজের সাথে প্রথম ডোজ ও চলবে। ০২ টি Community Clinic এ নরমাল ডেলিভারী চালু করা হয়েছে। ২০ টি করোনা আইসোলেশন বেড প্রস্তত আছে সেবা প্রদানের জন্য। স্বাভাবিকভাবে অন্যান্য কার্যক্রম চলছে।	-	সেবা কার্যক্রম অব্যাহত রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
০৩	উপজেলা শিক্ষা বিভাগঃ শিক্ষা অফিসার জানান যে,আন্ত প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা বিদ্যালয়ে ১২ মে-১৬ মে ইউনিয়ন পর্যায়ে ১৭ মে-১৯ মে। জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা/২১ ১৭ মে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় টুর্ণামেন্ট শুরু হয়েছে। ইউনিয়ন পর্যায়ে ০৪ জুন-১৬ জুন। Teaching, learning Activities-এর প্রাক-প্রাথমিক শিক্ষা ১২-৫ম শ্রেণি পর্যন্ত। হাতের লেখা/হস্তাক্ষর যাচাই প্রতিদিন, Reading and Writing Skill আদায়ের জন্য জোর তাগিদ দেয়া হয়েছে। Monitoring কার্যক্রম জোরদার করা হয়েছে।	-	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	শিক্ষা অফিসার
০৪	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে অত্র দপ্তরের কার্যক্রম যথাবিহিত ভাবে চলছে। ইউনিক আইডির কাজ, সৃজনশীল মেধা অন্বেষণের কাজ, জাতীয় শিক্ষা সপ্তাহের কাজ উপজেলা পর্যায়ে ১৯/০৫/২২ অনুষ্ঠিত হবে। উপবৃত্তি সমন্বিত উপবৃত্তির কার্যক্রম শেষ হয়েছে। বর্তমানে পরিদর্শন কার্যক্রম ক্রম জোরালোভাবে শুরু করা হয়েছে। করনা পরবর্তী বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান খোলা রয়েছে। ১০.০০ টা হতে ৪.০০ টা ক্লাস চলছে।	-	সার্বিক কার্যক্রম সচল রাখাকল্পে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।	মাধ্যমিক শিক্ষা অফিসার
০৫	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগঃ ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় পরিবহন ও যোগাযোগ খাতের অধীনে বাস্তবায়নের জন্য গৃহিত "রৌহাবাড়ী বিল পাড়া পাকা রাস্তা হতে খলিলের বাড়ী পর্যন্ত পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মান (বরাদ্দকৃত টাকার পরিমান-১,০০,০০০.০০) প্রকল্পটি টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়নের জন্য ২৬-১১-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২০তম সভায় অনুমোদিত হয়। বৃহত্তর জনস্বার্থে এবং দ্রুত প্রকল্পটি বাস্তবায়নের জন্য তিনি টেন্ডার প্রক্রিয়ার পরিবর্তে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন। তিনি আরো জানান তেকানী ইউনিয়নে তেকানী ঘাট-পানাগাড়ী বাজার রাস্তা আরসিসি দ্বারা নির্মাণ টাকা-১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা এবং তেকানী ইউ,পি অফিস-রুপসা হাট রাস্তা এইচবিবি দ্বারা মেরামত-৬,৩৬,২০০.০০ (ছয় লক্ষ ছত্রিশ হাজার দুইশত) টাকার ০২ টি প্রকল্প কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে মর্মে প্রস্তাব করেন এবং সভায় উপস্থিত সকল সদস্যও সম্মতি প্রকাশ করেন। তিনি আরো জানান, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ প্রশ্নের জবাবে উপজেলা প্রকৌশলী জানান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,	-	বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরে এডিপির আওতায় প্রকল্পগুলি বাস্তাবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা প্রকৌশলী (এলজিইডি)

	এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ মহোদয়ের মঞ্জুরী আদেশ নং-৪৬.০২.০০০০.৯০২.১৪.৯২১.২০-২০১১, তারিখঃ ২২/০১/২০২০ খ্রিঃ মোতাবেক ২০১৯-২০২০ অর্থ বছরে প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প (পিইডিপি-৪) এর আওতায় বরইতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণি কক্ষ নির্মানের জন্য দরপত্র আহ্বান পূর্বক বাস্তবায়নকারী ঠিকাদার নির্বাচন করা হয়। বিদ্যালয়টির লে-আউট প্রদানকালে দেখা যায়, বিদ্যালয়ের নতুন ভবন নির্মানের জন্য প্রস্তাবিত স্থানটি স্কুল ম্যানেজিং কমিটি (এসএমসি) কর্তৃক নিকটস্থ/সংলগ্ন সড়ক ও জনপথ (আরএইচডি) হতে প্রায় ০৮ (আট) ফিট উচ্চতায় বালি দ্বারা ভরাট করা হয়েছে। যখন Topo and Soil Test করা হয়েছিল তখন নিকটস্থ/সংলগ্ন সড়ক ও জনপথ (আরএইচডি) হতে প্রায় ০৮ (আট) ফিট নীচুতে পুরাতন ভবন বিদ্যমান ছিল। সে অনুযায়ী অনুমোদিত ড্রয়িং ও ডিজাইন অনুযায়ী বিদ্যালয় ভবন নির্মাণ করা হলে Foundation মূল Existing Ground Level (EGL) নীচে স্থাপন করা সম্ভব হবে না। তদুপরী কাজটি বাস্তবায়নের স্বার্থে কাজটির পূর্ণাঙ্গ Variation প্রস্তুত পূর্বক সদর দপ্তরের অনুমোদন গ্রহণ করে সে মোতাবেক কাজটি বাস্তবায়নের জন্য ঠিকাদারকে অনুরোধ জানানো হয়। কিন্তু ঠিকাদার সংশোধিত চুক্তি মূল্যে কাজটি বাস্তবায়নে অসম্মতি জ্ঞাপন করায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পল্লী অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ মহোদয় আদেশ নং-৪৬.০২.০০০০.৯০২.১৪.১১২৭.২০-১৮৪৫, তারিখঃ ১০-০২-২০২২ খ্রিঃ মারফত ঠিকাচুক্তিটি বাতিলের নির্দেশ প্রদান করেন। উপজেলা প্রকৌশলী আরো জানান, সংশ্লিষ্ট বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল এবং মেইন গেইট নির্মানের জন্য ঠিকাদার নির্বাচন করা হলেও একই কারনে বিদ্যালয়টির বাউন্ডারী ওয়াল এবং মেইন গেইট নির্মান করা সম্ভব হচ্ছে না।			
০৬	উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ ঈদ-উল আযহাকে সামনে রেখে সুফলভোগীদের মাঝে আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ প্রশিক্ষণ ও ইনপুট বিতরণ চলমান আছে। অসাধু উপায়ে গরু মোটাতাজাকরণ করতে না পারে সেজন্য মনিটরিং জোরদার করা হয়েছে। তিনি আরো জানান, বর্ষা সামনে রেখে বন্যার সম্ভাবনা মোকাবেলা করার জন্য ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়েছে। নাটুয়ারপাড়া ও তেকানি প্রাণিকল্যাণ কেন্দ্র সচল করার লক্ষ্যে অতিরিক্ত ঔষধ চাহিদা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। খাসরাজবাড়ী ও মনসুনগর ইউনিয়নে টিকা সংরক্ষণের জন্য ফ্রিজ ক্রয়ের মৌখিক সিদ্ধান্ত গৃহিত হয়।	-	সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।	প্রাণি সম্পদ কর্মকর্তা
০৭	উপজেলা মৎস্য বিভাগঃ ০৪/০৪/২০২১ হতে ১১/০৪/২০২১ খ্রিঃ পর্যন্ত জাটকা সংরক্ষণ সপ্তাহ অনুষ্ঠিত হচ্ছে। করোনা পরিস্থিতির সার্বিক দিক বিবেচনা করে স্বল্প পরিসরে জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২১ পালিত হচ্ছে। এবারের প্রতিপাদ্য বিষয় "মুজিব বর্ষে শপথ নিবো জাটকা নয় ইলিশ খাবো"। এছাড়া জাটকা আহরণ নিষিদ্ধ সময়ে ৬৯২ জন জেলেদের ৮০ কেজি হারে ৫৫.৩৬ মে.টন ভিজিএফ চাল বিতরণ করা হয়। ভিজিএফ চাল সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	-	সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।	মৎস্য কর্মকর্তা
০৮	উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে জমি নাই ঘর নাই ৩০২ টি পরিবারের মধ্যে ৩৫ ঘরসহ জমি গত ২৩/০১/২০২১ তারিখ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ঘর পর্যায়ক্রমে দেওয়া হবে। TR–কাবিখার কাজ সমাপ্ত করার শেষ সময় ১৫/০২/২০২১ তারিখ এর মধ্যে সম্পন্ন করে চূড়ান্ত বিল দেওয়ার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় দায়ভার প্রকল্প সভাপতিকে বহন করতে হবে।	-	বিতরণ কার্যক্রম কঠোরভাবে পর্যবেক্ষণ করবেন।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
০৯	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম চলমান ও স্বাভাবিক। স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে গর্ভবতী মহিলাদের প্রসব পূর্ববর্তী সেবা, প্রসবোত্তর সেবা, শিশু সেবাসহ অন্যান্য কার্যক্রম চলমান আছে। এছাড়া পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘমেয়াদি ক্যাম্পগুলো পরিচালিত হচ্ছে।	-	সেবা প্রদান কার্যক্রম বাস্তবায়নে আন্তরিকভাবে কাজ করতে হবে।	পরিবার পরিকল্পনা অফিসার
১০	উপজেলা সমাজসেবা বিভাগঃ সমাজসেবা অফিসার সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে বয়স্ক ভাতার ১৩৪০ জনের বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দের আলোকে MIS ও Validation সম্পন্ন করতে হবে। আগামী ২০/০৫/২০২২ এর মধ্যে । এ লক্ষ্যে সঠিক মোবাইল নম্বর সহ তালিকা আগামী ১৫/০৫/২০২২ এর সমাজসেবা অফিস প্রেরণ করতে হবে। ভাতার টাকা জালিয়াতি চক্রের মাধ্যমে তুলে নিচ্ছে। এ ধরনের অভিযোগ পাওয়া যাচ্ছে।	-	ভাতা কার্যক্রম বাস্তবায়নে আন্তরিকভাবে কাজ করবেন।	সমাজসেবা অফিসার
১১	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, ২০২১-২০২২ অর্থ বছরের ৩১২ টি নলকূপ ছিল। যার মধ্যে ২৭৪ টি সম্পন্ন হয়েছে। জুন/২০২২ তারিখের মধ্যে এডিপি বরাদ্দ কাজ সম্পন্ন হয়ে যাবে। কমিউনিটি পর্যায়ে ১৮ টি গভীর নলকূপ স্থাপনের তালিকা পেয়েছি। যাহা আগামী জুন/২০২২ মাস শুরু হবে। এই বছরে ৩৩ টি প্রাথমিক বিদ্যালয়ের সয়েল টেস্ট হয়ে কাজ শুরু হয়েছে। যাহা আগামী জুনের মধ্যে ২৪ টি ওয়াশ ব্লক কাজ শেষ হয়ে হস্তান্তর হবে। দপ্তরের অন্যান্য কাজ ভালভাবে চলছে।	-	নলকূপের তালিকা যাচাই-বাছাই কার্যক্রম আরো ভালভাবে মনিটর করতে হবে।	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১২	স্টেশন অফিসার সভায় জানান বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান। কোভিড-১৯ এর প্রতিরোধে আমাদের কার্যক্রম অব্যাহত আছে। বিভিন্ন রাস্তায় বালুর ট্রাক ও অটো রিক্সার জানজট কমানো প্রয়োজন। সচেতনতা বৃদ্ধির জন্য জনগণের মধ্যে প্রশিক্ষণের প্রয়োজন। উপজেলার প্রতিটি অফিসে ফায়ার সার্ভিসের মোবাইল নম্বর সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।	-	সকল কর্মকর্তাগণকে তাদের দপ্তরে ফায়ার সার্ভিসের মোবাইল নম্বর সংরক্ষণ করতে হবে।	স্টেশন অফিসার

২/২০

১৩	উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ যুব উন্নয়ন অফিসার জানান, যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবেই চলছে। প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় চলতি ২০২১-২০২২ অর্থ বছরে মোট ৩৬০ জন বেকার যুবক ও যুব নারীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঋণ কর্মসূচীর আওতায় চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের বিভিন্ন আত্মকর্মসংস্থান প্রকল্পের অনুকূলে ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার ৯৮%। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। কোন সমস্যা নেই।	-	ঋণ আদায় কার্যক্রম অব্যহত রাখবেন।	যুব উন্নয়ন অফিসার
১৪	মহিলা বিষয়ক অধিদপ্তরঃ মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যাচ্ছে যে, সকল মাসিক সভা সম্পন্ন হয়েছে। মে/২০২২ মাসের ১২ টি ইউনিয়নের ভিজিডি পুষ্টিচাল ডিও প্রদান করা হয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের পরিমান-২২,৬২,০০০/- টাকা, ঋণ গ্রহিতার সংখ্যা ১৮৩ জন। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ব্যাংক স্থিতির পরিমান ৮,৫,৬৩২/৭৫ টাকা মাত্র। ঘুর্ণায়মান তহবিল কর্মসূচির আওতায় ব্যাংক স্থিতির পরিমাণ ৮৬,১৮৪/- টাকা মাত্র। কর্মজীবি ল্যাকটেটিং মাদার ভাতা সহায়তা কর্মসূচির আওতায় কাজিপুর পৌরসভার ২০২১-২০২২ অর্থ বছরে ১৪৯ জন ভাতাভোগীর ভাতার অর্থ স্ব স্ব ব্যাংক হিসাব হতে উত্তোলন প্রক্রিয়াধীন রয়েছে। আইজিএ প্রকল্পের কর্মসূচির আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের এপ্রিল/২০২২ খ্রিঃ হতে জুন/২০২২ খ্রিঃ পর্যন্ত ফ্যাশন ডিজাইন এবং বিউটিফিকেশন ০২ টি ট্রেডের (৫০+৫০)=১০০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ চলমান। দর্জি বিজ্ঞান (WTC) ট্রেডের ২০২১-২০২২ অর্থ বছরের এপ্রিল/২০২২ খ্রিঃ হতে জুন/২০২২ খ্রিঃ পর্যন্ত দর্জি বিজ্ঞান ট্রেডের ৩০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ চলমান। দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।	-	নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচি অব্যহত রাখবেন।	মহিলা বিষয়ক কর্মকর্তা
১৫	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। বিভিন্ন কর্মসূচী এবং প্রকল্পে মাসে আদায় হয়েছে-৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা, মাসে ঋণ বিতরণ হয়েছে-১৩,৫০,০০০/- তের লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। ২০২১-২২ অর্থ বছরে ঋণ বিতরণ হয়েছে ৬৫,৬০,০০০/- (পয়ষট্টি লক্ষ ষাট হাজার) টাকা এবং ঋণ আদায় হয়েছে-৫৮,২০,০০০/- (আটান্ন লক্ষ বিশ হাজার) টাকা। অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩) এর ২০২১-২২ অর্থ বছরে ১১ টি স্কিম বরাদ্দ পাওয়া গেছে তার মধ্যে ০৭ টির কাজ সম্পন্ন হয়েছে। বাকী ০৪ টির কাজ চলমান আছে।	-	ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখবেন।	পল্লী উন্নয়ন কর্মকর্তা
১৬	উপজেলা সমবায় বিভাগঃ সমবায় অফিসার সভায় জানান, ২০১৮-২০১৯ খ্রিঃ সালের বকেয়া অডিট ফি ২,১২০/- টাকা আদায় হয়েছে। ২০১৯-২০২০ সালের ধার্য্যকৃত অডিট ফি আদায় হয়েছে।	-	ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিক রাখার চেষ্টা অব্যাহত রাখতে হবে।	সমবায় অফিসার
১৭	ফরেস্টার, বন বিভাগঃ বন কর্মকর্তা সভায় জানান, মেঘাই হতে পিপুলবাড়ীয়া পর্যন্ত ২৬.০০ সিডলিং কিঃমিঃ বাগান ২০১৯-২০২০ সালে বিক্রয় করা হয়েছিল। গত ১৩/০৪/২০২২ তারিখে উপকারভোগী ১৩০ জন সদস্যের ১২৫ জন সদস্যের মধ্যে চুক্তি নামা অনুযায়ী লভ্যাংশ বিতরণ করা হয়েছে। টাকার পরিমান ৮১,৩৭,৮৩২/- ০৩ টি ইউনিয়ন পরিষদ ও ০১ টি পৌর সভার মধ্যে ৭,৩৯,৮০২/- টাকা বিতরণ করা হয়েছে। উক্ত চেক বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নিবহী অফিসার মহোদয়। পরিবর্তে উপজেলা চেয়ারম্যান মহোদয় জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী উপস্থিত ছিলেন।	-	পুরাতন গাছ কর্তন ও নতুন বাগান সৃজনের জন্য উপজেলা বন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বন বিভাগ

উপজেলা পরিষদের অহস্তান্তরিত বিভাগসমূহঃ

০১	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাজিপুরঃ অভ্যন্তরীন বোরো সংগ্রহ-২০২২ শুরু হয়েছে। এবারের লক্ষ্যমাত্রা ধান-১৭৫৭ মেঃটন চাল-১৫৫৩ মেঃটন গম-১৮৪ মেঃটন ২। খাদ্য বান্ধব কর্মসূচীর কার্যক্রম বর্তমানে চালু আছে। ৩। পৌর এলাকায় ও.এম.এস চলমান আছে। ৪। খাদ্য শস্যের মজুদ সন্তোষজনক। ৫। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।	-	নিয়মিত কার্যক্রম অব্যহত রাখবেন	খাদ্য নিয়ন্ত্রক
০২	বিএডিসি (সেচ) কাজিপুরঃ সহকারী প্রকৌশলী (বিএডিসি) সভায় জানান অত্র বিএডিসি কাজিপুর জোন দপ্তরের আওতায় ৩৮ টি গনকূ বর্তমানে চালু আছে এবং সঠিকভাবে পরিচালিত হচ্ছে ও ০৫ টি এল.এল.পি চালু রয়েছে। ০৭ টি অচালু গনকূ কৃষকের সেচ সুবিধার্থে পুনখননের কাজ চলমান রয়েছে। ফানিয়াজান খালের পুনখননের কাজ শুরু হয়ে চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম চালু আছে।	-	চলমান কার্যক্রমগুলো নিয়মিত মনিটর করতে হবে	বিএডিসি পানাসি
০৩	উপজেলা আনসার ভিডিপি বিভাগঃ আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান বিভাগীয় সকল কাজ চলমান রয়েছে।	-	স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখতে হবে।	আনসার ভিডিপি অফিসার

০৪	উপজেলা পরিসংখ্যান অফিস, কাজিপুরঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান আগামী ১৫-২১ জুন, ২০২২ খ্রিঃ (০৭ দিন) জনশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হবে। গত ২১ এপ্রিল হতে ২৬ এপ্রিল ২০২২ এ জনশুমারি বাস্তবায়নের জন্য ৩য় জোনাল অপারেশন হচ্ছে।	-	চলমান কার্যক্রম অব্যাহত রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	পরিসংখ্যান অফিসার
০৫	পল্লী দারিদ্র বিমোচন, কাজিপুরঃ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন সভায় জানান, অত্র দপ্তরের কাজ স্বাভাবিক চলছে। ১ ক্ষুদ্র ঋণ বিতরণ-১৬৭,০০০০ ২। গ্রেপ ঋণ বিতরণ-১.২০ (এক কোটি বিশ লক্ষ) ৩। নারী উদ্যোক্তা-৭০,০০০০০/- ৪। প্রনোদনা-৫১,৫০,০০০/- সর্বমোট-৪.১০ চার কোটি দশ লক্ষ টাকা। আদায়ের হার ৯৬%	-	ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রাখবেন।	পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা।
০৬	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন কাজিপুরঃ স্টেশন অফিসার সভায় জানান সাম্প্রতিক ঘূর্ণিঝড় এ আমরা আমাদের টিমকে গাছপালা ভেঙ্গে রাস্তা আটকে থাকলে আমরা তা অপসারণ করতে সক্ষম হই। নিয়মিত মহড়া ও গনসংযোগ কার্যক্রম চালু আছে।	-	সকল কর্মকর্তাগণকে তাদের দপ্তরে ফায়ার সার্ভিসের মোবাইল নম্বর সংরক্ষণ করতে হবে।	স্টেশন অফিসার
০৭	পল্লী বিদ্যুৎ অফিস, কাজিপুরঃ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বৈদ্যুতিক লাইন এর আশে পাশের গাছপালার ডাল কাটার কার্যক্রম চলছে। উক্ত কাজে জন প্রতিনিধিসহ সকলের সহযোগিতা কামনা করছি। সরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল জরুরী ভিত্তিতে পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করছি।	-	সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।	পল্লী বিদ্যুৎ
০৮	পল্লী সঞ্চয় ব্যাংক, কাজিপুরঃ শাখা ব্যবস্থাপক সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরের এপ্রিল মাসের কার্যবিবরণী মোট ঋণ আদায়-২৫,৩২,০০০/- (পঁচিশ লক্ষ বত্রিশ হাজার) টাকা মাত্র। মোট ঋণ বিতরণঃ ২২.৮৫,০০০/- (বাইশ লক্ষ পচাশি হাজার) টাকা মাত্র।	-	ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম	উপজেলা সমন্বয়কারী
০৯	পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাট বীজ উৎপাদন এবং সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের আওতায় কাজিপুর উপজেলায় প্রনোদনা হিসেবে ২৩০০ জন পাট উৎপাদনকারী চাষীদের মাঝে বিনামূল্যে পাট বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	-	বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	পাট কর্মকর্তা
১০	ইসলামিক ফাউন্ডেশন, কাজিপুরঃ সরকারী যাকাত কালেকশন চলছে। জেলা যাকাত কমিটি কর্তৃক কাজিপুর উপজেলায় ৫,০০০০০ পাঁচ লক্ষ টাকা আদায়ের লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে। সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।	-	বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে আন্তরিকভাবে কাজ করবেন।	ফিল্ড সুপারভাইজার
১১	তথ্যকেন্দ্র, কাজিপুর, সিরাজগঞ্জঃ তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান তথ্য কেন্দ্র, কাজিপুর, সিরাজগঞ্জ এর এপ্রিল-২০২২ খ্রিঃ মাসে মোট ০৪ টি উঠান বৈঠকের মাধ্যমে ২০০ জন সেবা গ্রহীতাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া ডোর ভিজিট এর মাধ্যমে ৬০০ জন ও তথ্যকেন্দ্রে ১৫০ জনকে স্বাস্থ্য, শিক্ষা, ব্যবসা, আইন, কৃষি, যৌতুক, বাল্যবিবাহ প্রভৃতি বিষয়ে তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মার্চ ২০২২ খ্রিঃ মাসে ডোর ভিজিট এর মাধ্যমে ৭৫০ জন, তথ্য কেন্দ্রে ১০০ জন ও উঠান বৈঠকে ২০০ জনসহ মোট ১০০০ জনকে স্বাস্থ্য, কৃষি, শিক্ষা, বাল্য বিয়ে ও অন্যান্য অফিসের তথ্য সবো দেয়া হয়েছে। এছাড়া অনলাইন সেবা ও লালসবুজ মার্কেট প্লেসে উদ্যোক্তা নিবন্ধন করা হয়েছে।	-	তথ্য আপা প্রকল্পের আওতায় তথ্যকেন্দ্র এর সেবা সম্পর্কে অবহিতকরণ ও উঠান বৈঠকের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	তথ্য সেবা কর্মকর্তা

১২। বিবিধঃ ক) উপজেলা পরিষদের মার্চ/২০২২ ও এপ্রিল/২০২২ মাসের আপ্যায়ন বাবদ ৬০,০০০/- ও স্টেশনারী ১০,০০০/- টাকা ব্যয়ের বিধান রয়েছে।
সিদ্ধান্তঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

খ) উপজেলা পরিষদের সোলারের ব্যাটারী ও অন্যান্য মেরামত বাবদ-৩৫,০০০/- টাকা ব্যয় করা হয়েছে।

গ) উপজেলা পরিষদের চারপাশে ঝড়ে ডালপালা দিয়ে পানির লাইন মেরামত বাবদ-১৯,৩৯০/- টাকা ব্যয় করা হয়েছে।

ঘ) উপজেলা পরিষদের কম্পিউটার সামগ্রী ক্রয় বাবদ ৫০,০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে।

ঙ) উপজেলা পরিষদের জীপ গাড়ী নং ঘ-১১-০০৩৫ এর জ্বালানি বিল বাবদ-২,০৩,৯৪৭/২০ (দুই লক্ষ তিন হাজার নয়শত সাতচল্লিশ) টাকা বিল পাওনা রয়েছে।

চ) উপজেলা পরিষদের জীপ গাড়ী নং-ঘ-১১-০০৩৫ এর মেইনটেনেন্স বাবদ-২৭,০৪৫/- (সাতাশ হাজার পয়তাল্লিশ) টাকা বিল পাওনা রয়েছে।

ছ) উপজেলা পরিষদের পৌরকর বাবদ-২,৮৮,৬৩৮/- (দুই লক্ষ আটাশি হাজার ছয়শত আটত্রিশ) টাকা বিল পাওনা রয়েছে।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

2/20

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ খলিলুর রহমান সিরাজী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাঁজিপুর, সিরাজগঞ্জ।
www.kazipur.sirajganj.gov.bd

স্মারক নং:০৫.৪৫.৮৮৫০.০০৩.০১.০১৯.২০-৩৬৯(৪০)

তারিখ: ২৯ বৈশাখ, ১৪২৯
১২ মে, ২০২২

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬২ সিরাজগঞ্জ-১।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৬. উপ পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি, সিরাজগঞ্জ।
৮. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর।
৯. মেয়র, কাজিপুর পৌরসভা, কাজিপুর।
১০. উপজেলা ... . অফিসার, কাজিপুর।
১১. চেয়ারম্যান , ... ইউ,পি (সকল)।
১২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাজিপুর, সিরাজগঞ্জ। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. জনাব ....
১৪. অফিস কপি

(মোঃ জাহিদ হাসান সিদ্দিকী)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।
ফোন : ০৭৫২৫-৫৬১১
E-mail : unokazipur@mopa.gov.bd

উপজেলা পরিষদের
অধিবেশন নং = ৪০

তারিখঃ ২২/০৫/২০২২
সময়ঃ সকাল - ১০.০০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভাপতিঃ জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর

ক্রঃনং	নাম ও পদবী	স্বাক্ষর
০১।	জনাব মোঃ খলিলুর রহমান সিরাজী, চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাজিপুর →	[signature]
০২।	জনাব মোঃ [illegible] হাসান সিদ্দিকী, উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর →	
০৩।	জনাব দ্বীন মোহাম্মদ, ভাইস চেয়ারম্যান, কাজিপুর →	
০৪।	জনাব মোছাঃ শাপলা খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, কাজিপুর →	
০৫	এ কে এম [illegible], PIO	[signature]
০৬।	মুহাম্মদ জাকির হোসেন, উপজেলা প্রকৌ,	[signature] ২২-০৫-২২
০৭।	ডাঃ মোঃ [illegible] আহমেদ, ইউএলও, কাজিপুর	[signature] ২২/০৫/২০২২
০৮।	মোঃ রেজাউল করিম, UAO, কাজিপুর	[signature]
০৯.	মোঃ হাবিবুর রহমান UEO কাজিপুর	[signature]
১০.	মোঃ মিজানুর রহমান BADC কাজিপুর	[signature] ২২/৫/২২
১১.	মোঃ আঃ জলিল [illegible] চৌধুরী, ডিজিএম পল্লী [illegible]	[signature] ২২.০৫.২২
১২.	শিখা রানী সাহা, UWAO কাজিপুর	শিখা রানী সাহা ২২/০৫/২০২২
১৩.	বি, এম, [illegible] UDBO কাজিপুর	[signature] ২২/৫/২২
১৪.	মোঃ আবু [illegible] SAJDO কাজিপুর	[signature]
১৫.	মোঃ [illegible] ইসলাম, OC LSD, কাজিপুর FSCD	[signature] ২২/০৫/
১৬	মোহাম্মদ আমিনুল [illegible] F.S ইউনিট, কাজিপুর	[signature] ২২/০৫/২২
১৭.	সৌমিত্রী বসাক (তাপস) [illegible], কাজিপুর	[signature] ২২/০৫/২২
১৮	[illegible], উপজেলা [illegible] কাজিপুর	[signature] ২২/৫/২২
১৯.	মোঃ হাসান মাহমুদুল হক, UFO.	[signature]

ক্রমিক	নাম ও পদবী	স্বাক্ষর
২০	শাহানাজ [illegible], উপজেলা প.প. কর্মকর্তা	[signature] ২১/৫/২২
২১	মো: আহসান হাবীব, সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌ:	[signature] ২১/৫/২২
২২	মো: [illegible] ([illegible]) [illegible]	[signature] ২১/৫/২২
২৩	মো: [illegible], USSO, Kaunia	[signature]
২৪	মাইনুদ্দিন [illegible]	[signature] ২১/০৫/২২
২৫	মো: [illegible] ইসলাম সরকার [illegible] ইউনিয়ন [illegible]	[signature] ২১/০৫/২২
২৬	মো: আলাউদ্দিন [illegible] সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর	[signature]
২৭	মো: [illegible] চেয়ারম্যান, [illegible] ইউ.পি	[signature] ২১/৫/2021
২৮	মো: আব্দুর রাজ্জাক [illegible] চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন	[signature] ২১/৫/২০২২
২৯	এস,এম, [illegible] চেয়ারম্যান [illegible]	[signature]
৩০	মো: [illegible] চেয়ারম্যান [illegible] ইউ.পি	[signature] 12/05/2022
৩১	মো: [illegible] চেয়ারম্যান [illegible]	[signature] ২২/০৫/২২
৩২	মো: [illegible] চেয়ারম্যান [illegible]	[signature]
৩৩	মো: [illegible] চেয়ারম্যান [illegible] ইউ.পি	[signature]
৩৪	মো: [illegible] চেয়ারম্যান [illegible]	22.05.22
৩৫	মো: [illegible] উদ্দিন চেয়ারম্যান [illegible]	[signature] 21.05.2022 ইং